Bengal Students

# Higher Secondary Examination, 2008
## Accountancy (New Syllabus)
(Bengali Version)

**১. সঠিক উত্তরটি চিহ্নিত করঃ** **১x১০=১০**

**(i)** কু- ঋণ হল প্রকৃতপক্ষে একধরনের
(ক) আয়, (খ) সম্পত্তি, (গ) দায়, (ঘ) ক্ষতি ।

**অথবা,** সাধারণ সঞ্চিতি যাতে ডেবিট করা হয়
(ক) ক্রয়- বিক্রয়ের হিসাব, (খ) লাভ- ক্ষতির হিসাব, (গ) লাভ- ক্ষতির বন্টনের হিসাব, (ঘ)উদ্বর্তপত্র ।

**(ii)** কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান চূড়ান্ত হিসাবে যে অংশটি তৈরি করে না তা হল
(ক) ক্রয়বিক্রয়ের হিসাব (খ) উৎপাদনের হিসাব (গ) লাভক্ষতির হিসাব (ঘ) লাভক্ষতির বন্টনের হিসাব ।

**অথবা,** প্রারম্ভিক ব্যয়ের জন্য অর্থপ্রদান হল
(ক) মূলধনজাতীয় ব্যয়, (খ) মুনাফাজাতীয় ব্যয়, (গ) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়, (ঘ) কোনটিই নয় ।

**(iii)** কার্যকর অনুপাতটি হল একটি
(ক) উদ্বর্তপত্র সম্পর্কিত অনুপাত, (খ) রেভিনিউ স্টেটমেন্ট- অনুপাত, (গ) মিশ্র অনুপাত, (ঘ) নগদ অনুপাত ।

**(iv)** চলতি দায় অপেক্ষা চলতি সম্পত্তির বাড়তি অংশকে বলা হয়
(ক)কার্যকরী মূলধন, (খ)নিয়োজিত মূলধন, (গ)আবর্তিত মূলধন, (ঘ)স্থির মূলধন,

**সঠিক না ভুল বলঃ**

**(v)** লাভ হোক বা না হোক, স্থায়ী সম্পত্তির ওপর অবচয় ধার্য করা আবশ্যিক ।

**অথবা,** ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে স্থায়ী সম্পত্তির ক্রয়মূল্যের ওপর অবচয় ধার্য করা হয় ।

**(vi)** বিক্রয় ফেরত বইয়ের যোগফল ৫,০০০ টাকা কম হল । এই ভুল রেওয়ামিলের সমতাকে প্রভাবিত করে না ।

**(vii)** অংশীদারি চুক্তিপত্রের নিবন্ধন বাধ্যতামূলক ।

**অথবা**, অংশীদারি কারবারে অংশীদারদের দায় অসীম ।

**শূন্যস্থান পূরণ করঃ**

**(viii)** উদ্বর্তপত্র প্রস্তুতির উদ্দেশ্য হল প্রতিষ্ঠানের............নিরূপণ করা।

**(ix)** চলতি অনুপাত ............হলে তাকে আদর্শ মান ধরা হয় ।

**(x)** মোট মুনাফার ২৫% এবং বিক্রয়ের পরিমাণ ৩,০০,০০০ টাকা হলে বিক্রিত পণ্যের ক্রয়মূল্য হবে............।

**২. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ** **২x১০=২০**

**(i)** সঞ্চিতি কি মুনাফা থেকে ছাঁট ? **অথবা,** কু- ঋণ কাকে বলে ?

**(ii)** অবচয় কাকে বলে ? **অথবা,** অবচয় কি একটি নগদ খরচ ?

**(iii)** মূলধনজাতিয় ব্যয় কাকে বলে ? **অথবা,** মিলকরণের দাখিলা কাকে বলে ?

**(iv)** একতরফা দাখিলা পদ্ধতি কাকে বলে ?

**(v)** অমুনাফা- সন্ধানী প্রতিষ্ঠান বলতে কি বোঝ ?

www.Bengalstudents.com

**(vi)** ছাড়ের ভুল কাকে বলে ? **অথবা,** ভুল সংশোধনের দাখিলা বলতে কি বোঝ ?
**(vii)** কোম্পানীর পৃথক সত্তা রাখতে কি বোঝায় ?
**(viii)** অংশীদারি চুক্তি বলতে কি বোঝ ?
**(ix)** আর্থিক বিবরণী বিশ্লেষণ কি ? **অথবা,** ঋণ মূলধন কি আদৌ মূলধন ?
**(x)** নিয়োজিত মূলধন কাকে বলে ?

**৩. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ** **৫x৬=৩০**

**(i)** নিম্নলিখিত তথ্যগুলি থেকে ২০০৭ সালের কু- ঋণ হিসাব এবং সংশয়িত ঋণের জন্য ভবিষ্যৎ ব্যবস্থার হিসাব দেখাওঃ Debtors on 31.12.2007—Rs.40,000; Bad debt written off in 2007—Rs.1,500; Provision for doubtful debt on 1.1.2007—Rs.1,800. দেনাদারদের ওপর ৫% হারে সংশয়িত ঋণের জন্য ব্যবস্থা রাখতে হবে ।

**অথবা,** মুনাফা সঞ্চিতি এবং মূলধনী সঞ্চিতি বলতে কি বোঝ ? প্রতিটি ক্ষেত্রে একটি উদাহরণ দাও ।

**(ii)** ১.১.২০০৫ তারিখে Bisco Ltd.-এর ২৫,০০০ টাকা মূল্যের মেশিনারী ছিল ।১.০৭.২০০৫ তারিখে কোম্পানী ১০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করল। প্রথম মেশিনটি বার্ষিক ১০% হারে অবচয়যোগ্য কিন্তু নতুন মেশিনটি বার্ষিক ২০% হারে অবচয়যোগ্য, দুটি ক্ষেত্রেই ক্রমহ্রাসমান জের পদ্ধতি অনুসৃত হয় । ২০০৫ ও ২০০৬ সালের জন্য মেশিনারী হিসাবটি দেখাও ।

**অথবা**, অবচয়ের কারণগুলি উল্লেখ কর ।

**(iii)** নিশাত একজন ব্যবসায়ী, সম্পূর্ণ হিসাব বই রাখে না । সে ১.৪.২০০৬ তারিখে ১,২০,০০০ টাকা দিয়ে ব্যবসা শুরু করল । ৩১.০৩.২০০৭ তারিখে তার ব্যবসার অবস্থা নিচে বর্ণিত হলঃ Cash in hand –Rs.4,000; Cash at Bank—Rs.30,000; Sundry Debtors—Rs.55,000; Stock—Rs.20,000; Plant—Rs.40,000; Sundry Creditors—Rs.35,000; নিশাত উক্ত বছরে ২৫,০০০ টাকা ব্যবসা হতে উত্তোলন করল এবং ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে নিয়োজিত করল । উক্ত বছরে নিশাতের লাভ বা ক্ষতি নির্ণয় কর ।

**অথবা**, বৈষয়িক বিবরণী কি ? উদ্বর্তপত্রের সঙ্গে এর পার্থক্য উল্লেখ কর ।

**(iv)** (ক) নিম্নলিখিত তথ্য থেকে দেনাদারদের কাছে পাওনা টাকা নির্ধারণ করঃ Debtors Opening Balance—Rs.10,000; Closing Balance—Rs.12,500; Credit Sales—Rs.15,000;
(খ) নিম্নলিখিত তথ্য থেকে পাওনাদারদের প্রারম্ভিক জের নির্ণয় করঃ Credit purchase—Rs.15,000; Cash paid to Creditors—Rs.10,000; Closing balance of Creditors—Rs.15,000;

**অথবা,** একতরফা দাখিলা পদ্ধতির অসুবিধাগুলি সংক্ষেপে বিবৃত কর ।

**(v)** রেওয়ামিল তৈরী করার পরে একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের বই থেকে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়েছে । ভুলগুলি সংশোধন করঃ (ক)দৈনিক বিক্রয় বইতে যোগফল নির্ধারণ করার সময় ৮০০ টাকা বেশি দেখানো হয়েছে ।(খ)আইনজীবিকে আইনী পরিষেবা বাবদ ২৫০ টাকা প্রদান করা হয়েছে কিন্তু তা তার হিসাবখাতের ডেবিট দিকে দেখানো হয়েছে । (গ)ধরমপ্রসাদের কাছ থেকে

www.Bengalstudents.com

৬০০ টাকা পাওয়া গেছে কিন্তু তা করমপ্রসাদের হিসাবে ডেবিট করা হয়েছে ।(ঙ)দৈনিক খরিদ বই- এর জের ২,৭৯০ টাকা পরবর্তী দিনে ২,৯৭০ টাকা হিসাবে স্থানান্তরিত হয়েছে ।

**অথবা,** উদাহরণসহ ব্যাখ্যা করঃ কার্যমূলক ভুল এবং নীতিগত ভুল ।

**(vi)** রিক্, রাজা এবং রাতুল একটি ফার্মের লাভ- লোকসানের যথাক্রমে ২/৫ অংশ, ২/৫ অংশ, এবং ১/৫ অংশের অংশীদার ।অংশীদারি চুক্তি নিম্নরুপঃ (ক)মূলধনের উপর সুদ বার্ষিক ৫%; (খ)২% হারে কমিশন নীট লাভের (উক্ত কমিশন বাদ দেবার পর)ওপর রিক্‌কে প্রদেয় ।(গ)বেতন বাবদ রাজা ও রাতুলকে যথাক্রমে মাসিক ৪০০ টাক ও ৩০০ টাকা হারে প্রদেয় । ১.১.২০০৭ তারিখে মূলধন ছিল নিম্নরূপঃ রিক্- ২৫,০০০ টাকা; রাজা- ২০,০০০ টাকা; রাতুল- ১৫,০০০ টাকা । উপরোক্ত বিষয়গুলি বাদ দেবার পর ৩১.১২.২০০৭- এ সমাপ্ত বসৎরের নীট লাভের পরিমাণ হল ২০,৪০০ টাকা । উক্ত বছরে প্রতিটি অংশীদারের উত্তোলনের পরিমাণ হল ২,৫০০ টাকা । অংশীদারদের মূলধনী হিসাব তৈরী কর ।

**৪. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ** **১০x২=২০**

**(i)** Bengal Sports Club- এর ৩১শে ডিসেম্বর, ২০০৭ তারিখে শেষ হওয়া বছরের জন্য প্রদত্ত আদান- প্রদান হিসাব ও অন্যান্য তথ্যাবলী থেকে ঐ তারিখের শেষ হওয়া বছরের জন্য আয়- ব্যয়ের হিসাব প্রস্তুত কর ।

**Receipts and Payment Account**

For the year ended on 31st December, 2007

| Dr. | | | | | Cr. |
|---|---|---|---|---|---|
| | Receipts | Rs. | | Payments | Rs. |
| To | Balance b/d | | By | Salaries | 3,500 |
| | in hand | 5,000 | By | Repairs | 1,500 |
| | at bank | 6,000 | By | Sports Equipment | 15,000 |
| To | Subscriptions | | By | Misc. Expenses | 2,500 |
| | 2006 | 2,000 | By | Insurance Premium | 500 |
| | 2007 | 10,000 | By | Stationery | 1,000 |
| | 2008 | 2,000 | By | Balance c/d | |
| To | Donations | 6,000 | | in Hand | 1,200 |
| To | Admission Fees | 2,000 | | in Bank | 8,800 |
| To | Interest form Bank | 700 | | | |
| To | Sale of old Newspaper | 300 | | | |
| | | 34,000 | | | 34,000 |

www.Bengalstudents.com

**অন্যান্য তথ্যাবলীঃ-**

(ক) ২০০৭ সালের জন্য বকেয়া Subscription ২,০০০ টাকা ২০০৬ সালে ২০০৭ সালের জন্য প্রাপ্ত Subscription হলো ১,০০০ টাকা । (খ) অগ্রিম প্রদত্ত বীমা কিস্তি- ১০০ টাকা । (গ) বকেয়া বিভিন্ন খরচ- ১০০ টাকা । (ঘ) ৫০% donation মূলধনীকৃত করতে হবে । (ঙ)Sports Equipment-এর ওপর ১০% অবচয় ধার্য করতে হবে ।

**অথবা,** (ক) আদান- প্রদান হিসাবে সংজ্ঞা দাও । দুটি অমুনাফা- সন্ধানী প্রতিষ্ঠানের নাম উল্লেখ কর ।

(খ) আয়- ব্যয়ের হিসাব ও আদান- প্রদান হিসাবের মধ্যে পার্থক্য কর ।

**(ii)** Titco Ltd. প্রতিটি ১০ টাকা মূল্যের ২৫,০০০ ইকুইটি শেয়ার প্রতি ২ টাকা অধিহারে বিলি করল । শেয়ারের টাকা নিম্নলিখিতভাবে প্রদেয়ঃ
আবেদন বাবদ - ২ টাকা
আবন্টন বাবদ - ৬ টাকা (অধিহার সমেত)
প্রথম এবং শেষ তলবী বাবদ - ৪ টাকা ।
৩০,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল । অতিরিক্ত আবেদনপত্রের অর্থ ফেরৎ দেওয়া হল ।একজন শেয়ারহোল্ডার যিনি ৫০০ শেয়ারের ধারক, প্রথম এবং শেষ তলবীবাবদ অর্থ প্রদান করতে ব্যর্থ হল ।বাদবাকী সমস্ত প্রাপ্য অর্থ পাওয়া গেছে । অর্থপ্রদানে অসমর্থ উপরোক্ত শেয়ারহোল্ডারের সমস্ত শেয়ারগুলি কোম্পানী দ্বারা বাজেয়াপ্ত করা হল । Titco Ltd.-এর বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলাগুলি দেখাও ।

**অথবা,** (ক) বাজেয়াপ্ত শেয়ারের পুনঃবিলি কাকে বলে ? এক্ষেত্রে কোম্পানীর বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলাগুলি দেখাও ।

(খ) কোম্পানীর ঋণ মূলধনের বিভিন্ন উৎসগুলির উল্লেখ কর ।

www.Bengalstudents.com

**৫.      নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ                                                ২০**

একজন কারবারীর ৩১শে ডিসেম্বর, ২০০৭ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপঃ

Trial Balance as on 31.12.2007

| | Debit Rs. | Credit Rs. |
|---|---|---|
| Capital | -- | 50,000 |
| Plant & Machinery | 15,000 | -- |
| Drawing | 8,000 | -- |
| Furniture | 5,000 | -- |
| Stock on 01.01.2007 | 15,000 | -- |
| Purchases & Sales | 1,04,000 | 1,20,000 |
| Sales & Purchases Return | 2,000 | 3,000 |
| Debtors & Creditors | 28,000 | 16,000 |
| Bank Overdraft | -- | 10,000 |
| Wages | 6,000 | -- |
| General Expenses | 4,000 | -- |
| Rent & Rates | 4,000 | -- |
| Bad Debts | 800 | -- |
| Cash in hand | 8,200 | -- |
| Bad Debts provision | -- | 1,000 |
| | 2,00,000 | 2,00,000 |

অতিরিক্ত তথ্যাবলীঃ-

**(i)**৩১.১২.২০০৭ তারিখে মজুত পণ্য- ২০,০০০ টাকা। **(ii)**২,০০০ টাকা মূল্যের 'ধারে বিক্রয়' কারবারীর বইতে লিপিবদ্ধ করা হয়নি। **(iii)**অগ্রিম প্রদত্ত ভাড়া- ৫০০ টাকা। **(iv)**১০,০০০ টাকা ক্রয়মূল্যের পণ্য চলতি বছরে আগুনে নষ্ট হয়েছে। বীমা কোম্পানী এই ক্ষতির জন্য ৮,০০০ টাকা দিতে সম্মত হয়েছে। **(v)** বকেয়া দায়সমূহঃ মজুরী- ১,০০০ টাকা, সাধারণ খরচ- ৫০০ টাকা। **(vi)** সমস্ত রকমের স্থায়ী সম্পত্তির উপর ১২% হারে অবচয় ধার্য কর। **(vii)** কু- ঋণের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা দেনাদারদের ওপর ৫% হারে রাখতে হবে। ৩১শে ডিসেম্বর, ২০০৭ তারিখে কারবারীর প্রদত্ত রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলী থেকে উক্ত তারিখে সমাপ্ত বৎসরের জন্য ক্রয়- বিক্রয় ও লাভ- ক্ষতির হিসাব এবং ঐ তারিখের একটি উদ্বর্তপত্র প্রস্তুত কর।

www.Bengalstudents.com

www.Bengalstudents.com